# তালিকাভুক্তি নবায়ন

১। প্রতি বৎসর ৩০ জুন এর মধ্যে প্রত্যেক তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে পরবর্তী আর্থিক বৎসরের জন্য নবায়ন ফি এবং ১৫% ভ্যাট চার্জ বাবদ ২০০০+৩০০ = ২৩০০.০০ (দুই হাজার তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর এর অনুকূলে জমা করে তালিকাভুক্তি নবায়ন করতে হবে ।

২। সংশ্লিষ্ট অর্থবৎসরে নির্ধারিত সময়ের পর অর্থাৎ ০১ জুলাই হতে ৩০ জুলাই পর্যন্ত সমপরিমান হারে জরিমানা হিসেবে (২০০০+২০০০+ভ্যাট চার্জ ৬০০) = ৪,৬০০.০০ (চার হাজার ছয়শত) টাকার সমপরিমান পে-অর্ডার গ্রহণ সাপেক্ষে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করা হবে। উল্লেখিত সময়ের পর অর্থাৎ ০১ আগষ্ট হতে পরবর্তী বৎসরের ৩০ জুন পর্যন্ত (৪০০০+৪০০০+ভ্যাট চার্জ ১২০০) = ৯,২০০.০০ (নয় হাজার দুইশত) টাকা এবং পরবর্তী অর্থ বৎসরেও নবায়ন ফি একই হারে প্রযোজ্য হবে।

৩। সরবরাহকারী প্রতিষ্ঠানের অভিপ্রায় অনুযায়ী কোন প্রতিষ্ঠান চাইলে একই সাথে ২/৩/৪ অথবা ০৫ অর্থ বৎসরের জন্য প্রতিষ্ঠানের অগ্রীম নবায়ন ফি প্রদান পূর্বক নবায়ন করতে পারবে।

৪। কোন কারনে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হলে অগ্রীম নবায়নের জন্য প্রদেয় অর্থ ফেরৎ প্রদান করা হবে না। পর পর ০৩ (তিন) বৎসর প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করা না হলে তাদের তালিকাভূক্তি (কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে) বাতিল বলে গণ্য করা হবে। এ বিষয়ে তালিকাভূক্তি বাতিলের কোন চিঠি/পত্র প্রেরণ করা হবে না।

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর